তারিখ ... 17 JUN 2016 ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৪ ......

সংবাদ

### ময়মনসিংহ মহাকালী গার্লস স্কুল অ্যান্ড কলেজ

# অধ্যক্ষের দুর্নীতির অভিযোগে পাল্টাপাল্টি সাংবাদিক সম্মেলন

**জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ**

শিক্ষা নগরী ময়মনসিংহের প্রাণকেন্দ্র গাঙ্গিনাপাড় মোড়ে অবস্থিত মহাকালী গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ নিয়ে আলোচনা-সমালোচনা ঝড় চলছিল। এছাড়াও মানববন্ধন পাল্টা মানববন্ধন ও পত্র পত্রিকায় প্রতিবেদনও প্রকাশিত হয়েছে। এরমধ্যে কলেজের পরিচালনা পর্ষদ ও দুর্নীতি দমন কমিশনও পৃথকভাবে দুটি তদন্ত করেছে। সম্প্রতি এই দুর্নীতির ঘটনা নিয়ে উভয় পক্ষ পাল্টপাল্টি সংবাদ সম্মেলন করে তাদের স্ব স্ব অবস্থান তোলে ধরেছেন। দুর্নীতির অভিযুক্ত অধ্যক্ষ জিয়া উদ্দিন শাকির গত মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন তদন্তে কোন অভিযোগ প্রমাণিত হয়নি। তার এবং কলেজের বিরুদ্ধে এটি একটি ষড়যন্ত্র চলছে। আবার অভিযোগকারীরা পরদিন বুধবার দুপুরে ময়মনসিংহ প্রেসক্লাবে পাল্টা সংবাদ সম্মেলনে জানিয়েছে, অধ্যক্ষ জিয়া উদ্দিন শাকির গতকাল সংবাদ সম্মেলনে ভুল তথ্য সরবরাহ করেছেন। তদন্ত চলাকালীন সময়ে একটি অভিযোগের প্রেক্ষিতে অধ্যক্ষ প্রায় সাড়ে ৯ লাখ টাকা কলেজ ফান্ডে জমা দিয়েছেন। তাছাড়া এইসব তদন্ত প্রতিবেদন তারা প্রত্যাখ্যান করে পুনতদন্তের জন্যে ঢাকা দুদক বরাবরে দরখাস্ত করেছেন, সেই দরখাস্তের প্রেক্ষিতে পুনতদন্ত প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান তারা।